

Model Activity Task 2022 January

Class 5| Science | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২১| জানুয়ারী পঞ্চম শ্রেণী | পরিবেশ ও বিজ্ঞান | পার্ট -১ |

পূর্ণমান- ২০

১. ঠিক বাক্যের পাশে চিহ্ন '✓' আর ভুল বাক্যের পাশে '✗' চিহ্ন দাও :

১.১ ত্বকে রোদ লাগলে ভিটামিন সি তৈরি হয়। ✗

১.২ নার্ড, পেশি, শিরা ও ধমনিকে রক্ষা করে চামড়া। ✓

১.৩ একজন পূর্ণবয়স্ক মানুষের শরীরে ৩০০টি হাড় থাকে। ✗

২. বাম স্তম্ভের ডান স্তম্ভের মিল করে লেখো :

বাম স্তম্ভ	ডান স্তম্ভ
২.১ মেলানিন	গ) ত্বক
২.২ হিউমেরাস	ক) হাতের হাড়
২.৩ ফিমার	ঘ) পায়ের হাড়

৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৩.১ মানুষের শরীরে কনুই থেকে কবজি পর্যন্ত যে দুটো হাড় থাকে তাদের নাম লেখো।

উত্তরঃ মানুষের দেহে কনুই থেকে কবজি পর্যন্ত যে দুটি হাড় থাকে তা হল আলনা ও রেডিয়াস।

৩.২ পেশি যেসব কাজে আমাদের সাহায্য করে তার মধ্যে যেকোনো দুটো কাজের উল্লেখ করো।

উত্তরঃ

পেশির দুটি কাজঃ

১. দেহের আকৃতি প্রদান করে এবং অস্থি সঞ্চালনে সহায়তা করে।

২. চোখ ও জীভ নাড়াতে সাহায্য করে

৩.৩ আমাদের শরীরে রক্ত যাওয়ার প্রয়োজনীয়তা কী?

উত্তরঃ আমাদের শরীরে রক্ত যাওয়ার প্রয়োজনীয়তা হল-

1. রক্ত সারা শরীরে অক্সিজেন ও প্রয়োজনীয় পুষ্টি পৌঁছে দেয়।
2. শরীরে ফোঁড়া বা অন্য কোন জীবাণু সংক্রমণ হলে আমরা যে ওষুধ খাই তা সেখানে রক্ত পৌঁছে দেয়।

৪. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও :

হাড়ের জোড় না থাকলে আমাদের কী কী অসুবিধা হত?

উত্তরঃ আমাদের শরীরে হাড়গুলি বিভিন্ন স্থানে জোড়া লাগানো থাকে। হাড়ের জোড় না থাকলে আমাদের যে অসুবিধা গুলি হত-

- 1) হাতের ও পায়ের হাড়ের জোড় না থাকলে হাত-পা ভাঁজ করা যেত না। ফলে খেলাধুলাসহ, চলাফেরা বিভিন্ন কাজে অসুবিধা হত।
- 2) আঙ্গুলের হাড়ের জোড় না থাকলে কোন কিছু ধরতে, লিখতে, তুলতে অসুবিধা হত।
- 3) কাধের হাড়ের জোড় না থাকলে মাথা নাড়াতে, ঘোরাতে অসুবিধা হত।